

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
নিরীক্ষা অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.২১.২০১৭-৯৫


তারিখ : ১৫ ভাদ্র ১৪২৪
৩০ আগস্ট ২০১৭

বিষয়: সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আয়-ব্যয় সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ প্রসঙ্গে।

সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত নীতিমালা গত ৬ জুলাই ২০১৪ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিপত্র (স্মারক নং- শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫) জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। পরিপত্র অনুসরণ করা সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বাধ্যতামূলক।

০২। লক্ষ্য করা গেছে যে, কোন কোন প্রতিষ্ঠানে উক্ত পরিপত্রের নির্দেশনা উপেক্ষা করে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অর্থ আদায় করা হচ্ছে। এছাড়া, শুধুমাত্র একাডেমিক কাউন্সিলের অনুমোদন গ্রহণ করে এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা আর্থিক বিধির পরিপন্থি। স্মরণ্য যে, সরকারি নির্দেশের ব্যত্যয় ঘটিয়ে কোন সিদ্ধান্ত গ্রহণ একাডেমিক কাউন্সিলের এখতিয়ার বর্হিভূত।

০৩। এমতাবস্থায়, অত্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করার জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, আর্থিক বিধি-বিধান লংঘনের ক্ষেত্রে সকল দায়-দায়িত্ব আয়ন-ব্যয়ন কর্মকর্তা তথা প্রতিষ্ঠান প্রধানের উপর ব্যক্তিগতভাবে বর্তাবে।



(আহমদ শামীম আল রাজী)
যুগ্ম-সচিব (আইন ও নিরীক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ফোন-০২৯৫১৫৭৪৪

বিতরণ:

১। অধ্যক্ষ (সকল সরকারি কলেজ)

২। প্রধান শিক্ষক (সকল সরকারি উচ্চ বিদ্যালয়)

অনুলিপি(জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল/খুলনা/রংপুর/সিলেট) অঞ্চল (তঁর আওতাভুক্ত সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণের অনুরোধসহ)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, (তাকে বর্ণিত পরিপত্রসহ এ পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হল)।

